কেস স্টাডি:

ডিসেম্বরের ২৫ তারিখ ।নিউ জলপাইগুড়ি  স্টেশনে যখন আমাদের ট্রেন থামল তখন রাত তিনটে। কনকনে ঠান্ডা। ভোর পর্যন্ত অপেক্ষা করতেই হবে ।ওভার ব্রিজের ওপর দিয়ে আমরা এলাম স্টেশনের বাইরে। দেখলাম লোকে লোকারণ্য। সবাই অপেক্ষা করছে ভোরের জন্য। গরম চায়ের কাপে চুমুক দিয়ে আমরা একটু ঘুরলাম এদিক ওদিক। তারপর অন্ধকার একটু ফ্যাকাশে হলে যাত্রার প্রস্তুতি শুরু হলো । আমরা যাব শ্রী খোলা। ভাড়া করলাম টাটা সুমো। ভোর সাড়ে পাঁচটায় শুরু হল যাত্রা। বাইরে ঘন কুয়াশা। কিছু দেখা যায় না। গাড়ির গতিও বেশি নয় ।আধ ঘন্টা মত যাওয়ার পর শুরু হলো পাহাড়ি পথ ।তখন অবশ্য কুয়াশা আর রোদের লুকোচুরি খেলা চলছে। কাচের জানালা দিয়ে মুগ্ধ হয়ে দেখছি পাহাড়ের দৃশ্য। গভীর উপত্যকা জুড়ে সবুজের সমারোহ।একটার পর একটা পাহাড় ডিঙিয়ে আমরা এগিয়ে চলেছি। ঘন্টা দুয়েক চলার পর আমার বন্ধু তনুশ্রী চেঁচিয়ে উঠল ----""ওই দেখো কাঞ্চনজঙ্ঘা""।

সঠিক উত্তর নির্বাচন করে লেখ:

১) মন্তব্য: তনুশ্রী চেঁচিয়ে উঠেছিল।

কারণ: সে কাঞ্চনজঙ্ঘা পাহাড় দেখতে পেয়েছিল।

A)মন্তব্য ভুল কারণ ঠিক

B)কারণ ঠিক মন্তব্য ভুল

C)কারণ ও মন্তব্য ঠিক

D)কারণ ও মন্তব্য ভুল

২) মন্তব্য: জলপাইগুড়ি স্টেশনে ট্রেনটি থেমেছিল রাত তিনটার সময়।

কারণ: ট্রেনের চাকাটি খারাপ হয়ে যায়।

A)মন্তব্য ঠিক কারণ ভুল

B)কারণ ভুল মন্তব্য ভুল

C)মন্তব্য ঠিক কারণ ঠিক

D)কারণ ঠিক মন্তব্য ভুল

৩) মন্তব্য: কুয়াশা রোদের লুকোচুরি খেলা চলছে।

কারণ: তখন ছিল শীতকাল।

A)মন্তব্য ঠিক কারণ ভুল

B)মন্তব্য ভুল কারণ ঠিক

C)মন্তব্য ও কারণ ঠিক

D)মন্তব্য ও কারণ ভুল

৪) আলোচ্য অংশটিতে  "শ্রীখোলা" বলতে কী বোঝানো হয়েছে?

জায়গার নাম/খাবারের নাম/মানুষের নাম/কোনোটিই নয়

৫) সাড়ে পাঁচটা বলতে কোন সময়কে বোঝানো হয়?

৫:৩০ মিনিট/৫:১৫মিনিট/৫:৪৫ মিনিট/কোনোটিই নয়